



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর



কৃষিই সমৃদ্ধি

...

সভাপতি	মোঃ শাহ আলম মহাপরিচালক (রুটিন দায়িত্ব)
সভার তারিখ	১৮/০৬/২০২০ খ্রিঃ
সভার সময়	সকাল : ১১.০০ টা
স্থান	ডিএই'র সম্মেলন কক্ষ (কক্ষ নং-৩৩০, ৩য় তলা, মধ্য ভবন), খামারবাড়ি, ঢাকা।
উপস্থিতি	পরিশিষ্ট ক

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক (রুটিন দায়িত্ব) মহোদয়ের সভাপতিত্বে 'জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) বাস্তবায়ন বিষয়ক নৈতিকতা কমিটির ১৬তম সভা' অনুষ্ঠিত হয়। সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট ও নৈতিকতা কমিটির সদস্য-সচিব জনাব মোঃ সাদেকুর রহমান (মনিটরিং ও মূল্যায়ন কর্মকর্তা, পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং) আলোচ্য বিষয়াবলী পর্যায়ক্রমে উপস্থাপন করেন। সভায় প্রণয়নকৃত ২০২০-২১ অর্থবছরের কর্ম-পরিকল্পনা অনুমোদন ও অন্যান্য বিষয়ে আলোচনা হয় এবং সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয়	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১. কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের 'জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২১' অনুমোদন।	কর্ম-পরিকল্পনার কার্যক্রম ৩.২, ৯.৪ ও ৯.৫ সংশোধন সাপেক্ষে সর্বসম্মতিক্রমে উক্ত কর্ম-পরিকল্পনা অনুমোদিত হয়।	নৈতিকতা কমিটি
১.১ কর্ম-পরিকল্পনায় 'জাতীয় কৃষি যান্ত্রিকীকরণ নীতিমালা, ২০২০' অন্তর্ভুক্তকরণ।	কর্ম-পরিকল্পনার কার্যক্রম ৩.২ -এ 'জাতীয় কৃষি যান্ত্রিকীকরণ নীতিমালা, ২০২০' অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত হয়।	ফোকাল পয়েন্ট
১.২ ভিডিও/অনলাইন/টেলি কনফারেন্স এর মাধ্যমে অধীনস্থ দপ্তরের কার্যক্রম মনিটরিং।	কর্ম-পরিকল্পনার কার্যক্রম ৯.৪ -এ 'ভিডিও/অনলাইন/টেলি-কনফারেন্স এর মাধ্যমে অধীনস্থ দপ্তরের কার্যক্রম মনিটরিং' অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত হয়।	ফোকাল পয়েন্ট
১.৩ সেবা মূল্য/ফিস গ্রহণের ক্ষেত্রে গৃহীত অর্থের রশিদ প্রদান।	কর্ম-পরিকল্পনার কার্যক্রম ৯.৫ -এ 'সেবা মূল্য/ফিস গ্রহণের ক্ষেত্রে গৃহীত অর্থের রশিদ প্রদান' অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত হয়।	ফোকাল পয়েন্ট
২. ২০১৯-২০ অর্থবছরের কর্ম-পরিকল্পনার কার্যক্রম ১০.১ ও ১০.২ অনুযায়ী ২০১৯-২০ অর্থবছরের জন্য শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ।	২০১৯-২০ অর্থবছরের কর্ম-পরিকল্পনার কার্যক্রম ১০.১ ও ১০.২ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী ২২/০৬/২০২০ তারিখের মধ্যে ২০১৯-২০ অর্থবছরের জন্য ডিএই'র কর্মচারীদের মধ্যে শুদ্ধাচার পুরস্কার প্রদান প্রক্রিয়া সম্পন্নকরণ এবং পুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।	ডিএই'র নৈতিকতা কমিটি ও বাছাই কমিটি

৩. ২০২০-২১ অর্থবছরের জন্য উইংয়ের/মাঠ পর্যায়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন।	২০২০-২১ অর্থবছরের জন্য উইংয়ের/মাঠ পর্যায়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা স্ব স্ব নৈতিকতা কমিটির অনুমোদন গ্রহণপূর্বক মহাপরিচালক, ডিএই বরাবর দাখিল করতে হবে।	সকল উইংয়ের নৈতিকতা কমিটি
---	---	---------------------------

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ শাহ আলম  
মহাপরিচালক (রণটিন দায়িত্ব)

স্মারক নম্বর: ১২.০১.০০০০.৮২০.৩২.০১৪.২০.৩৩


তারিখ: ১১ আষাঢ় ১৪২৭

২৫ জুন ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার

ক্রমানুসারে নয়) :

- ১) পরিচালক (সকল), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
- ২) উইংয়ের শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা (সকল), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
- ৩) সহকারী প্রোগ্রামার, (আইসিটি ব্যবস্থাপনা অধিশাখা), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা (ডিএই'র ওয়েবসাইটে শুদ্ধাচার বক্সে প্রকাশের অনুরোধসহ)।
- ৪) অতিরিক্ত উপপরিচালক , মহাপরিচালকের দপ্তর, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।



মো: সাদেকুর রহমান  
মনিটরিং এন্ড ইভ্যালুয়েশন অফিসার